



ইন্টার্নশিপ নিয়োগ বিজ্ঞপ্তি

১। বাংলাদেশ ইনস্টিটিউট অব ইন্টারন্যাশনাল এন্ড স্ট্র্যাটেজিক স্টাডিজ (বিআইআইএসএস)-এ ইন্টার্ন নিয়োগের জন্য বাংলাদেশী নাগরিকদের নিকট হতে আবেদনপত্র আহ্বান করা যাচ্ছেঃ

ক্রমিক	পদের নাম, সংখ্যা ও ভাতা	মেয়াদকাল	বিষয়সমূহ	আবেদনকারীর যোগ্যতা
ক।	পদের নামঃ ইন্টার্ন সংখ্যাঃ ০২ জন ভাতাঃ ইন্টার্নশিপ চলাকালীন মাসিক ১০,০০০/- (দশ হাজার) টাকা হারে 'ইন্টার্নশিপ ভাতা' প্রদান করা হবে। 'ইন্টার্নশিপ ভাতা' ব্যতীত অন্য কোনো ভাতা/সুবিধা প্রদান করা হবে না।	ইন্টার্নশিপ-এর মেয়াদকাল সর্বনিম্ন ০৩ (তিন) মাস এবং পরবর্তীতে বিবেচনা সাপেক্ষে ০৬ (ছয়) মাস পর্যন্ত হতে পারবে যা সংশ্লিষ্ট কর্তৃপক্ষ নির্ধারণ করবে।	আন্তর্জাতিক সম্পর্ক, রাষ্ট্রবিজ্ঞান, অর্থনীতি, পিস এন্ড কনফ্লিক্ট স্টাডিজ, উইমেন এন্ড জেন্ডার স্টাডিজ, ইতিহাস, আন্তর্জাতিক আইন, ভূগোল, উন্নয়ন অধ্যয়ন, সামাজিক বিজ্ঞান, পরিবেশ বিজ্ঞান।	ক। প্রার্থীকে বাংলাদেশের নাগরিক হতে হবে। খ। আবেদনকারীর শিক্ষাগত যোগ্যতা ও অভিজ্ঞতা বিআইআইএসএস সংশ্লিষ্ট গবেষণা ও কার্যপরিধির সঙ্গে সংশ্লিষ্ট হতে হবে। গ। প্রার্থীকে কমপক্ষে স্নাতক/সমমানের ডিগ্রিধারী হতে হবে (অবতীর্ণ প্রার্থীসহ) ঘ। স্নাতক/স্নাতকোত্তর/সমমানের ডিগ্রি অর্জনের ০২ (দুই) বছরের মধ্যে আবেদন করতে হবে; এবং ঙ। একজন প্রার্থী শুধু একবার বিআইআইএসএস-এ ইন্টার্নশিপ করতে পারবে।

২। আবেদনপত্রের সাথে আবশ্যিকভাবে নিম্নলিখিত কাগজপত্রসমূহ সংযুক্ত করতে হবেঃ

(ক) সর্বশেষ শিক্ষাপ্রতিষ্ঠান হতে তার মৌলিক যোগ্যতা ও অন্যান্য গুণাবলির বর্ণনা সংবলিত প্রত্যয়ন;


(খ) স্নাতক/স্নাতকোত্তর/সমমান পরীক্ষায় উত্তীর্ণের সনদ, অথবা উক্তরূপ পরীক্ষাসমূহে অবতীর্ণ হওয়ার প্রত্যয়ন (যথাযথ কর্তৃপক্ষ কর্তৃক) পত্রের কপি;

(গ) জাতীয় পরিচয়পত্র (NID)- এর কপি ও ০২ কপি পাসপোর্ট সাইজের ছবি।

(ঘ) কোনো আবেদনকারী অন্য কোনো কর্মে নিয়োজিত থাকলে নিয়োগকারী কর্তৃপক্ষের অনাপত্তি সনদ দাখিল করতে হবে।

৩। আগামী ২৬ নভেম্বর ২০২৪ তারিখের মধ্যে **মহাপরিচালক, বিআইআইএসএস** বরাবর আবেদন পৌঁছাতে হবে।

৪। প্রাথমিকভাবে বাছাইকৃত প্রার্থীদের লিখিত ও মৌখিক পরীক্ষায় অংশগ্রহণের জন্য এসএমএস/ফোন কল-এর মাধ্যমে অবহিত করা হবে।


(উপ-পরিচালক (প্রশাসন))